# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০১৩০

website: www.bwdb.gov.bd

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
E-mail: dir.staff.bwdb@gmail.com

## তাগিদ পত্র-১

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.৯৯.০০১.২২-১৭৪৪

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: আউটসোর্সিং প্রক্রিয়ায় নিয়োজিত সেবাকর্মী পরিবর্তন সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য তাগিদ প্রদান।**

**সূত্র:** অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.৯৯.০০১.২২-১৬৭১; তারিখ: ২০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ দপ্তারাদেশ (কপি সংযুক্ত) মোতাবেক আউটসোর্সিং প্রক্রিয়ায় পূর্বে নিয়োজিত অভিজ্ঞ জনবলকে বাদ দিয়ে ২০২৫ এর নীতিমালার আলোকে নতুনভাবে জনবল নিয়োগের ফলে সৃষ্ট অসন্তোষ নিরসন এবং মানবিক দিক বিবেচনায় যৌক্তিক কারণ ব্যতীত সেবাকর্মী পরিবর্তন নিরুৎসাহিত করা হয়। সেই সাথে যদি কোনো দপ্তরে সেবাকর্মী পরিবর্তন করা হয়ে থাকে, তবে তার কারণ উল্লেখপূর্বক নির্ধারিত ছকে তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত সময় অতিবাহিত হওয়া সত্ত্বেও এখন পর্যন্ত অনেক দপ্তর হতে চাহিদাকৃত তথ্যাদি অত্র দপ্তরে প্রেরণ করা হয়নি, যা অনাকাঙ্ক্ষিত। উক্ত তথ্যাদি জরুরিভিত্তিতে সংরক্ষণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, যেসকল দপ্তর হতে এখনো তথ্য প্রেরণ করা হয়নি, তাদেরকে **আগামী ৩ (তিন) কার্যদিবসের** মধ্যে তথ্যাদি নির্ধারিত ছকে পূরণ করে অত্র দপ্তরের ইমেইলে (dir.staff.bwdb@gmail.com) সফট কপি (Excel/Word) Nikosh Font এ ও স্বাক্ষরিত স্ক্যানড কপি প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরি।**

| ক্রঃ নং | দপ্তরের নাম | সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | বর্তমানে নিয়োজিত সেবাকর্মীদের নাম, পিতার নাম, NID ও পদবী | বাদ দেয়া সেবাকর্মীদের নাম, পিতার নাম, NID ও পদবী | পরিবর্তনের কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

২০/১২/২৫

(আরিফউজ্জামান খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**Bangladesh Water Development Board**


তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০১৩০

website: www.bwdb.gov.bd

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
E-mail: dir.staff.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.৯৯.০০১.২২-

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ......... , বাপাউবো, ......।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ......... , বাপাউবো, ......।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। নির্বাহী প্রকৌশলী, ......... , বাপাউবো, ......।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি।

10.12.2025
শুভেন্দু বিশ্বাস
নির্বাহী প্রকৌশলী (পুর) (অঃদাঃ)
জনবল পরিকল্পনা শাখা

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## Bangladesh Water Development Board

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন, লেভেল-১,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০১৩০

website: www.bwdb.gov.bd

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
PANI BHABAN, LEVEL-1,
72 GREEN ROAD, DHAKA-1205.
Phone: 02-222230130
E-mail: dir.staff.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.৯৯.০০১.২২-১৬৭১

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

### দপ্তরাদেশ

সম্পদের সর্বোচ্চ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং স্বল্পতম সময়ে মানসম্মত সেবা ক্রয়ের লক্ষ্যে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ প্রণীত হয়। উক্ত নীতিমালার আলোকে বাপাউবো এ আউটসোর্সিং জনবল নিয়োগ করা হয়। পরবর্তীতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০২৫ প্রণীত হলে উক্ত নীতিমালার নির্দেশনার আলোকে পূর্বে অনুমোদিত ও ছাড়কৃত জনবল পুনরায় নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে নিয়োগ করা হয়েছে। লক্ষ্য করা যাচ্ছে যে, ২০১৮ নীতিমালার আলোকে নিয়োজিত, সংশ্লিষ্ট বিষয়ে তিন বা ততোধিক বছরের অভিজ্ঞ কিছু জনবলকে বাদ দিয়ে নতুনভাবে জনবল নিয়োগ করা হয়েছে। জীবন-জীবিকার মতো স্পর্শকাতর বিষয়টি বিবেচনা না করে পূর্বে নিয়োজিত সেবাকর্মীদেরকে বাদ দেয়ার ফলে জনবলের মধ্যে হতাশা ও অসন্তোষ সৃষ্টি সহ বাপাউবো'র ভাবমূর্তি নষ্ট হচ্ছে।

এমতাবস্থায়, সেবাকর্মীদের অর্থনৈতিক অবস্থা মানবিকভাবে বিবেচনা করে যৌক্তিক কারণ ব্যতীত পূর্বে নিয়োজিত সেবাকর্মী পরিবর্তন নিরুৎসাহিত করা হলো এবং পূর্বে নিয়োজিত সেবাকর্মী পরিবর্তন করা হলে তার কারণ উল্লেখপূর্বক নিম্নলিখিত ছকে আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরের মেইলে (dir.staff.bwdb@gmail.com) সফট কপি ও স্বাক্ষরিত স্ক্যানড কপি প্রেরণের জন্য বলা হলো।

| ক্রঃ নং | দপ্তরের নাম | সেবা সরবরাহকারী প্রতিষ্ঠানের নাম | বর্তমানে নিয়োজিত সেবাকর্মীদের নাম, পিতার নাম, NID ও পদবী | বাদ দেয়া সেবাকর্মীদের নাম, পিতার নাম, NID ও পদবী | পরিবর্তনের কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এই দপ্তরাদেশ জারি করা হলো।

২০/১১/২৫
(আরিফউজ্জামান খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.৯৯.০০১.২২-১৬৭১/১(৭)

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ........., বাপাউবো, ......।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ........., বাপাউবো, ......।
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। নির্বাহী প্রকৌশলী, ........., বাপাউবো, ......।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি।

২০/১১/২৫
(মোহাম্মদ জহির মাজহার)
নির্বাহী প্রকৌশলী (পুর) (চঃদাঃ)
জনবল পরিকল্পনা শাখা